



বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান

BANGLADESH INSTITUTE OF DEVELOPMENT STUDIES

নং-২০.০৮.০০০০.২০০.১১.০০৮.২২.২১

তারিখ: ২২ পৌষ, ১৪২৮
০৬ জানুয়ারি, ২০২২

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস) এর স্থায়ী পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা এবং বয়স	(জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী)
১.	পাবলিকেশন এ্যাসিস্ট্যান্ট (ইউ.ডি.এ)	০১	স্বীকৃতপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়ের গ্র্যাজুয়েট তৎসহ ইংরেজিতে ভালো অতীত অভিজ্ঞতা। প্রার্থীকে কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে (MS Word, Illustrator, Photoshop, Power Point, Internet Browsing, email etc.) বয়স : অনূর্ধ্ব ৩০ বছর। তবে অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে শিথিলযোগ্য।	গ্রেড-১২: ১১৩০০-২৭৩০০/- এবং তৎসহ বিধি অনুযায়ী প্রদেয় অন্যান্য ভাতা।
২.	অফিস সহকারী-কাম- কম্পিউটার টাইপিষ্ট	০১	প্রতি মিনিটে ৩৫টি শব্দ টাইপিং এর গতিসহ এইচ. এস. সি. অথবা এস. এস. সি. দ্বিতীয় শ্রেণী তৎসহ প্রতি মিনিটে ৪০টি শব্দ টাইপিং এর গতি। বয়স : অনূর্ধ্ব ৩০ বছর। তবে অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে শিথিলযোগ্য।	গ্রেড-১৬: ৯৩০০-২২৪৯০/- এবং তৎসহ বিধি অনুযায়ী প্রদেয় অন্যান্য ভাতা।

ক) পরীক্ষায় পাশের প্রাপ্ত বিভাগ/শ্রেণী/জিপিএ/পাশের সন উল্লেখপূর্বক পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত (০৮/০১/২০২২ তারিখে আবেদনকারীর বয়স উল্লেখসহ) সম্বলিত আবেদনপত্র, সম্প্রতি তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি, নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্র ও অন্যান্য অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপিসহ আগামী ০৭/০২/২০২২ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে সচিব, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস) ই-১৭, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ এই ঠিকানায় পৌছাতে হবে।

খ) আবেদনপত্রের সাথে “সচিব, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, ঢাকা” শিরোনামে অগ্রণী ব্যাংক লিমিটেড, প্রধান শাখা, ঢাকা-এর অনুকূলে ৩০০/- টাকার পে-অর্ডার/ডিডি (অফেরতযোগ্য) দাখিল করতে হবে।

গ) অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

ঘ) সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

ঙ) আবেদনপত্র বাছাইয়ের পর কেবল উপযুক্ত বিবেচিত প্রার্থীদের লিখিত পরীক্ষায় ডাকা হবে।

চ) খামের উপর বামপাশে আবেদনকৃত পদের নাম উল্লেখ করতে হবে।

ছ) বিআইডিএস একটি সমসুযোগ প্রদানকারী প্রতিষ্ঠান।

জ) কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো আবেদনপত্র/নিয়োগ প্রক্রিয়া বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

ঝ) নির্দিষ্ট তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র বিবেচনা করা হবে না।

ঞ) কোনো তথ্য গোপন করা বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৬/০১/২০২২

(সুবাস চন্দ্র সাহা)
সচিব (চলতি দায়িত্ব)